

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১৭৮.২০১১- ৪৭৮

তারিখঃ ০২.১৪২১ বঙ্গাব্দ
১/১/০৬.২০১৪ খ্রিস্টাব্দ

আদেশ

যেহেতু ডাঃ মোঃ আব্দুল হাই (৩৫৮৭২), অধ্যাপক (চঃদাঃ), নিউরোলজি, এম এ জি ওসমানী মেডিকেল কলেজ, সিলেট (প্রাক্তন অধ্যাপক, নিউরোলজি, স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ, মিটফোর্ড, ঢাকা) এর বিরুদ্ধে গত ০৩.০৪.২০০৯ তারিখ থেকে বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকার অভিযোগে সরকারি কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে ১ম কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং গত ০৭.০৩.২০১২ তারিখে তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, তার জবাব এবং ব্যক্তিগত শুনানীতে প্রদত্ত বক্তব্য সন্তোষজনক প্রতীয়মান না হওয়ায় তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু তদন্তকারী কর্মকর্তা বিষয়টি তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন এবং আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন;

যেহেতু বিভাগীয় মামলায় আনীত অভিযোগ, তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে তাঁকে সরকারি চাকুরি হতে কেন বরখাস্ত বা অন্য কোন দস্ত প্রদান করা হবে না, এ মর্মে দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু অভিযুক্ত কর্মকর্তা দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করলেও তাঁর জবাব সন্তোষজনক প্রতীয়মান না হওয়ায় তাঁকে সরকারি চাকুরি হতে অপসারণ করার সিদ্ধান্ত গ্রহণ করে এ বিষয়ে বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের মতামত চাওয়া হয়;


যেহেতু, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন তাঁকে চাকুরি হতে অপসারণ করার বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তের সাথে একমত পোষণ না করে তাঁকে "নিম্নপদে অবনমিতকরণ" (Reduction to a lower post) করার অভিমত প্রকাশ করে;

যেহেতু উক্ত কর্মকর্তাকে "নিম্নপদে অবনমিতকরণ" (Reduction to a lower post) করার প্রস্তাব মহামান্য রাষ্ট্রপতি সদয় অনুমোদন করেছেন;

এক্ষণে সেহেতু সরকারি কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(৩)(এ) বিধি মোতাবেক ডাঃ মোঃ আব্দুল হাই (৩৫৮৭২), অধ্যাপক (চঃদাঃ), নিউরোলজি, এম এ জি ওসমানী মেডিকেল কলেজ, সিলেট-কে এই আদেশ জারির তারিখ হতে পরবর্তী ০৫(পাঁচ) বছরের জন্য "নিম্নপদে অবনমিতকরণ" (Reduction to a lower post) করা হল।

দস্তকালীন সময়ে তিনি বর্ধিত বেতন বৃদ্ধির সুবিধা প্রাপ্ত হবেন না, দস্তকালীন সময়ে তিনি দস্তকালীন পদের প্রারম্ভিক ধাপের বেতন প্রাপ্য হবেন এবং পরবর্তীতে পদোন্নতি প্রাপ্ত হলে পূর্ববর্তী চাকুরিকালে প্রাপ্ত বার্ষিক বর্ধিত বেতন প্রাপ্তির জন্য গণনা করা হবেন।

এ আদেশ জনস্বার্থে জারি করা হল এবং অবিলম্বে কার্যকর হবে।


রাষ্ট্রপতির আদেশক্রমে

(এম. এম. নিয়াজউদ্দিন)
সচিব

উপ-পরিচালক
বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস
তেজগাঁও, ঢাকা

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.১৭৮.২০১১- ৪ ৭ (৩) ১০০০
অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

তারিখঃ ১/০৬.২০১৪

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণের জন্য অনুরোধ করা হল)
- ২। পরিচালক, MIS, স্বাস্থ্য অধিদপ্তর, ঢাকা (বিষয়টি কম্পিউটারে সংরক্ষণ করে রাখার জন্য অনুরোধ করা হল)
- ৩। অধ্যক্ষ, এম এ জি ওসমানী মেডিকেল কলেজ, সিলেট
- ৪। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা
- ৫। উপ-পরিচালক (শুংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ৬। উপসচিব (পার-১ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (বিভাগীয় মামলায় তাঁকে নিম্নপদে অবনমিত করায় এ বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার জন্য অনুরোধ করা হল)
- ৭। বিভাগীয় হিসাবরক্ষণ কর্মকর্তা, সিলেট
- ৮। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)
- ৯। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ১০। ডাঃ মোঃ আব্দুল হাই (৩৫৮৭২), অধ্যাপক (চঃদাঃ), নিউরোলজি, এম এ জি ওসমানী মেডিকেল কলেজ, সিলেট (যোগাযোগ ঠিকানাঃ- বাড়ী নং-২৯/এ, রোড নং-১১, ধানমন্ডি আবাসিক এলাকা, ঢাকা-১২০৯)


(মোঃ রেজাউল আলম)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৪০২৫২

sasdisc1@mohfw.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শৃংখলা-১ শাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৮৪.২০১০- ৪৭৪

তারিখঃ ১৩.০৬.২০১৪ খ্রিস্টাব্দ


আদেশ

যেহেতু, ডাঃ ইসরাত জাহান (১১২২১৯), মেডিকেল অফিসার (চক্ষু), কুমিল্লা মেডিকেল কলেজ হাসপাতাল, কুমিল্লা (প্রাক্তন সহকারী রেজিস্টার (গাইনী), সদর হাসপাতাল, জামালপুর) এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(এ) ও ৩(বি) বিধিমতে 'অদক্ষতা' ও 'অসদাচরণ' এর দায়ে ১৬.০৮.২০১০ তারিখে ৪৫.১৫০.০২৭.০১.০০.০৮৪.২০১০-৭৮৮নং স্মারকে বিভাগীয় মামলা বৃজু করে কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন;

যেহেতু, আমীত অভিযোগের বিষয় তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয় এবং তদন্তকারী কর্মকর্তা তদন্ত করে প্রতিবেদন দাখিল করেন। প্রতিবেদনে ডাঃ ইসরাত জাহান-এর বিরুদ্ধে অভিযোগ প্রমাণিত হয়নি বলে মতামত দেয়া হয়েছে।

এক্ষণে, সেহেতু, ডাঃ ইসরাত জাহান (১১২২১৯), মেডিকেল অফিসার (চক্ষু), কুমিল্লা মেডিকেল কলেজ হাসপাতাল, কুমিল্লা এর বিরুদ্ধে আমীত অভিযোগ, কারণ-দর্শানো নোটিশের জবাব এবং তদন্ত প্রতিবেদন পর্যালোচনা করে বিভাগীয় মামলায় আমীত অভিযোগের দায় হতে তাকে অব্যাহতি প্রদান করা হল।


(এ. এম. বদরুদ্দোজা)
অতিরিক্ত সচিব

উপ-পরিচালক

বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস
তেজগাঁও, ঢাকা

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৮৪.২০১০- ৪৭৪/১(২)

তারিখঃ ১৬.০৬.২০১৪ খ্রিস্টাব্দ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ২। পরিচালক (প্রশাসন/এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ৩। পরিচালক, কুমিল্লা মেডিকেল কলেজ হাসপাতাল, কুমিল্লা
- ৪। উপ-সচিব (পার-২/৩ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৫। উপ-পরিচালক (শৃংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ৬। সিভিল সার্জন, জামালপুর
- ৭। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)
- ৮। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৯। ডাঃ ইসরাত জাহান (১১২২১৯), মেডিকেল অফিসার (চক্ষু), কুমিল্লা মেডিকেল কলেজ হাসপাতাল, কুমিল্লা


(মোঃ রেজাউল আলম)

সিনিয়র সহকারী সচিব

ফোনঃ ৯৫৪৬৬৫৫

sasdisc1@mohfw.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শুংখলা-১ শাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.২১০.২০১৩- ৪৭৫

তারিখঃ ১৬.০৬.২০১৪ খ্রিস্টাব্দ


আদেশ

যেহেতু, ডাঃ জিনাত আরা ফেরদৌসী (৪৪০৫৫), জুনিয়র কনসালটেন্ট, গাইনী ওএসডি, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা, সংযুক্ত-ঢাকা ডেন্টাল কলেজ হাসপাতাল, ঢাকা (প্রাক্তন জুনিয়র কনসালটেন্ট, গাইনী, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, রাণীশংকৈল, ঠাকুরগাঁও) এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে ১২.০১.২০১৪ তারিখে ৪৫.১৫০.০২৭.০১.০০.২১০.২০১৩-২৪নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান না করায় আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন এবং ০৪.০৭.২০১৩ তারিখ হতে ১৪.১২.২০১৩ পর্যন্ত কর্মস্থলে অনুপস্থিতির অভিযোগ প্রমাণিত মর্মে মতামত জ্ঞাপন করেন;

এক্ষণে, সেহেতু, ডাঃ জিনাত আরা ফেরদৌসী (৪৪০৫৫), জুনিয়র কনসালটেন্ট, গাইনী ওএসডি, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা, সংযুক্ত-ঢাকা ডেন্টাল কলেজ হাসপাতাল, ঢাকা এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ-দর্শানো নোটিশের জবাব, তদন্তকারী কর্মকর্তার মতামত এবং সামগ্রিক বিষয়াদি পর্যালোচনা করে ঐকে সরকারি কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(২)(বি) বিধি মোতাবেক তীর বার্ষিক বেতন বৃদ্ধি আদেশ জারির তারিখ হতে পরবর্তী ০২(দুই) বছরের জন্য স্থগিত করা হল। এই স্থগিতজনিত বেতন-ভাতা তিনি পরবর্তীতে বকেয়া হিসেবে প্রাপ্য হবেন না।


(এ. এম. বদরুদ্দোজা)
অতিরিক্ত সচিব

উপ-পরিচালক


বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস
তেজগাঁও, ঢাকা

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.২১০.২০১৩- ৪৭৫/১০ (২০)

তারিখঃ ১৬.০৬.২০১৪ খ্রিস্টাব্দ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ২। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ৩। পরিচালক, ঢাকা ডেন্টাল কলেজ হাসপাতাল, ঢাকা
- ৪। উপ-সচিব (পার-৩ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৫। উপ-পরিচালক (শুংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ৬। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা
- ৭। সিভিল সার্জন, ঠাকুরগাঁও
- ৮। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)
- ৯। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ১০। ডাঃ জিনাত আরা ফেরদৌসী (৪৪০৫৫), জুনিয়র কনসালটেন্ট, গাইনী ওএসডি, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা, সংযুক্ত-ঢাকা ডেন্টাল কলেজ হাসপাতাল, ঢাকা


(মোঃ রেজাউল আলম)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৬৬৫৫

sasdisc1@mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১০৩.২০১৩- ৪৭৬

তারিখঃ ১৩.০৬.২০১৪ খ্রিস্টাব্দ

বিষয়ঃ ১৯৮৫ সালের সরকারি কর্মচারী (শংখলা ও আপীল) বিধিমালার ৭(৬) বিধি মোতাবেক দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশ।

যেহেতু, আপনি ডাঃ নাঈমা সিদ্দিকা (১২৪৮৬৭), ডেন্টাল সার্জন, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, বোচাগঞ্জ, দিনাজপুর-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শংখলা ও আপীল) বিধিমালার ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে এ মন্ত্রণালয়ের ০২.০৯.২০১৩ তারিখের ৪৫.১৫০.০২৭.০১.০০.১০৩.২০১৩-৭৬৪নং স্মারক মূলে ১ম কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, আপনি উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান না করায় আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;


যেহেতু, তদন্তকারী কর্মকর্তা বিষয়টি তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন এবং আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন;

যেহেতু, তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে আপনাকে উল্লিখিত অভিযোগে দোষী সাব্যস্ত করে 'চাকুরি হতে বরখাস্ত' (Dismissal from Service) করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে;

এক্ষেণে, সেহেতু, কেন আপনাকে উক্ত বিধিমালার ৪(৩)(ডি) বিধি মোতাবেক সরকারি 'চাকুরি হতে বরখাস্ত' (Dismissal from Service) করা হবে না, তঁর কারণ এ বিধিমালার ৭(৬) বিধি মোতাবেক নোটিশ প্রাপ্তির ০৭(সাত) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীকে জানাতে নির্দেশ প্রদান করা হল।

তদন্ত প্রতিবেদনের অনুলিপি আপনার অবগতির জন্য এই সাথে প্রেরণ করা হল।

সংযুক্তিঃ পাতা


(এ. এম. বদরুদ্দোজা)
অতিরিক্ত সচিব


ডাঃ নাঈমা সিদ্দিকা (১২৪৮৬৭)
ডেন্টাল সার্জন
উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স
বোচাগঞ্জ, দিনাজপুর
(স্থায়ী ঠিকানাঃ- গ্রাম-ধনগ্রাম, ডাক-মঙ্গলপুর, উপজেলা-বিরল, জেলা-দিনাজপুর)

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.১০৩.২০১৩- ৪৭৬(১)১৩

তারিখঃ ১৩.০৬.২০১৪ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

- ১। মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হল)
- ২। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (তথ্যটি কম্পিউটারে সংরক্ষিত রাখার জন্য অনুরোধ করা হল)
- ৩। সিভিল সার্জন, দিনাজপুর (নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ঠিকানায় জারিপূর্বক জারির প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হল)
- ৪। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (আদেশটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)


(মোঃ রেজাউল আলম)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৬৬৫৫
sasdisc1@mohfw.gov.bd